দৈনিক ইত্তেফাক

১৮/৩/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ... ৬ ...

# বেসরকারী শিক্ষকদের মাসান্তে বেতন প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হউক

শিক্ষকদের মানুষ গড়ার কারিগর বলা হইলেও তাঁহারা সমাজের অবহেলিত একটি শ্রেণী–ইহা যাঁহারা বেসরকারী শিক্ষক তাঁহারা মর্মে মর্মে উপলব্ধি করেন। বেতনের সরকারী অংশ প্রাপ্তির আশায় অপেক্ষার প্রহর গুনিতে হয়। সরকারী অংশ পরবর্তী মাসের দশ তারিখের মধ্যে প্রদানের কথা থাকিলেও তাহা প্রাপ্তির কোন নিশ্চয়তা নাই। কখনও কখনও দুই-তিন মাসের বেতন বকেয়া থাকিয়া যায়। ফলে স্বল্প বেতনভোগী বেসরকারী শিক্ষকদের দুর্ভোগের কোন সীমা-পরিসীমা থাকে না। এই অবস্থা সুষ্ঠু পাঠদানের অন্তরায়। শিক্ষককে যদি তাহার সংসারের খরচ যোগাইবার চিন্তায় মগ্ন থাকিতে হয়, তবে তাহার নিকট হইতে যথাযথ দায়িত্ব পালন আশা করা বাতুলতা মাত্র। এমতাবস্থায়, সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সনির্বন্ধ আবেদন এই যে, জাতির বৃহত্তর স্বার্থে বেসরকারী শিক্ষকদের মাসান্তে বেতন প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হউক।

মোঃ আলী হায়দার,
সদস্য,
বাংলাদেশ শিক্ষক সমিতি,
বামনা আঞ্চলিক শাখা